REGIONAL NEWS UNIT

ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

**Minimum support of price of no.14 crops:**

কেন্দ্রীয় সরকার ১৪ টি শস্যের ন্যুনতম সহায়ক মূল্য বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। নতুন দিল্লীতে গতকাল মন্ত্রীসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, ২০২৪-২৫ বিপনন বর্ষে ধান, তুলো, মিলেট, তৈলবীজ দল সহ ১৪টি শস্যের এম এস পি উল্লেখযোগ্য হারে বাড়ছে ।সারা দেশে ২ লক্ষ্য শস্য মজুতভান্ডার তৈরীর ব্যাপারে সরকার কাজ, চালিয়ে যাচ্ছে বলে তিনি জানান, এই বৈঠকে আরও চারটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়েছে- মহারাষ্ট্রের বাদাবনে আবহাওয়া অনুকুল গ্রীনফিল্ড বন্দর স্থান তৈরী, পুনর্নবীকরণ যোগ্য শক্তি বাড়ানোর জন্য উইন্ড টার্মিনাল বা বায়ুকল তৈরী হবে গুজরাট ও তামিলনাড়ুতে। এবং সেই সঙ্গে বারাণসীতে লালবাহাদুর শাস্ত্রী বিমানবন্দর তৈরী ও পরিকল্পনার কথা ঘোষণা করেন শ্রী বৈষ্ণব।

*******************

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে দুদিনব্যাপী জম্মু কাশ্মীর সফরে থাকবেন ।প্রধানমন্ত্রী আজ জম্মু ও কাশ্মীরে দেড় হাজার কোটির টাকার ও বেশী ব্যায়ের ৮৪ টি বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। সেই সঙ্গে আজ জম্মু ও কাশ্মীর যুব সশক্তিকরণ অনুষ্ঠানে অংশগ্রহন করবেন তিনি । এছাড়া দুই হাজার সরকারী চাকরির নিয়োগ পত্র প্রদান করবেন । এছাড়াও অন্যান্য কর্মসূচী রয়েছে প্রধানমন্ত্রীর ।

*************

**Banking Service:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্যাঙ্কিং ক্ষেত্রের উন্নতিতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক গুলির প্রশংসা করেছেন । এক সোসাল মিডিয়া পোস্টে তিনি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক গুলির লাভের অঙ্ক তুলে ধরেন । মাই গড ইন্ডিয়া থেকে পাওয়া তথ্য অনুযায়ী স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ২৩-২৪ অর্থবর্ষে ৬১ হাজার কোটি টাকারও বেশী লাভ করেছে । এছাড়া অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক গুলির লাভের অঙ্কও গত দশ বছরের তুলনায় অনেক বেড়েছে বলে তিনি সন্তোষ প্রকাশ করেন ।

***********

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল তীর্থমুখস্থিত গোমতী জলবিদ্যুৎ কেন্দ্রটি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় রাজ্যপাল জলবিদ্যুৎ কেন্দ্রটির বিভিন্ন বিষয়ে খোঁজ খবর নেন ও জলবিদ্যুৎ কেন্দ্রটির উন্নয়নে উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। এরপর রাজ্যপালের পৌরহিত্যে তীর্থমুখ মেলা প্রাঙ্গণে উন্নয়ন কর্মসূচি নিয়ে বিভিন্ন দপ্তরের মহকুমা ও জেলাস্তরীয় আধিকারিকদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়।

**************

**Special Camp of NSS of Brajendranagar HS Schoo :**

সাব্রুম মহকুমার ছোটখিলের ব্রজেন্দ্রনগর দ্বাদশ বিদ্যালয়ের জাতীয় সেবা প্রকল্পের সাত দিনের বিশেষ শিবির গতকাল শুরু হয়েছে। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে বিশেষ শিবিরের উদ্বোধন

করেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অরুণ মজুমদার। স্কুলের জাতীয় সেবা প্রকল্পের প্রোগ্রাম অফিসার প্রশান্ত দাস জানান, সাত দিনের বিশেষ শিবিরে নেশা ও বাল্যবিবাহ সম্পর্কে বিশেষ আলোচনা, মহকুমা বিপর্যয় মোকাবেলা কতৃপক্ষের বিপর্যয় মোকাবিলায় বিশেষ মহড়া ও এলপিজি গ্যাস সিলিন্ডার ব্যবহার করার পদ্ধতি সম্পর্কে স্বেচ্ছাসেবীদের অবহিত করা সহ নানান সেবামূলক কাজকর্মে অংশ নেবে স্বেচ্ছাসেবীরা৷ শিবিরে স্কুলের ৪০ জন ছাত্র ছাত্রী অংশ নিয়েছে বলেও জানান তিনি।

*************

**Detain of 41 kg ganja :**

আগরতলা রেল ষ্টেশনে ৪১ কিলো গাঁজা সহ ধরা পড়েছে খোয়াই এর এক যুবক। জিআরপি এবং আরপিএফ থানার পুলিশের যৌথ অভিযানে গতকাল বিকালে গাঁজা উদ্ধার করা হয়। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, জিজ্ঞাসাবাদে ধৃত যুবক জানিয়েছে গাঁজা নিয়ে সে শিলচর যাচ্ছিল।

***********

**Workshop on preventing Child Trafficking-Belonia :**

জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন ও দক্ষিণ জেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল বিলোনিয়া সার্কিট হাউজে এক কর্মশালা অনুষ্ঠিত হয়৷ কর্মশালায় জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের পরামর্শদাতা সোনাক্ষী রাধিকা শিশু পাচার রোধ ও মোকাবিলায় জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের গৃহীত বিভিন্ন কর্মসূচি ও পদক্ষেপগুলি সবিস্তারে তুলে ধরেন তিনি। আলোচনায় অংশ নেন

জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলার অতিরিক্ত পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর প্রমুখ।

*************

**Tree plantation-Twikormo HS School :**

বিশ্ব পরিবেশ দিবসকে কেন্দ্র করে গতকাল যুব বিকাশ কেন্দ্রের উদ্যোগে দক্ষিণ জেলার শান্তিরবাজার মহকুমার তৈকর্ম দ্বাদশ স্কুলে বৃক্ষরোপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বন দপ্তরের বকাফার রেঞ্জ অফিসার শ্রীকান্ত দাস, তৈকর্ম দ্বাদশ স্কুলের প্রধান শিক্ষক শেফাল চন্দ্র দাস ও যুব বিকাশ কেন্দ্রের স্বেচ্ছাসেবকরা।

************

**Maan Ki Baat :**

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১ তম পর্ব।

************

**যোগা দিবস CM :**

দশম আন্তর্জাতিক যোগা দিবসের রাজ্যস্তরের মূল অনুষ্ঠানে আগামীকাল  মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা উপস্থিত থাকবেন। আগরতলার  হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে হবে মূল অনুষ্ঠানটি। আগামীকাল  সকাল ৯টায় শুরু হবে

অনুষ্ঠান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়া ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ডেপুটি স্পিকার রামপ্রসাদ পাল, মুখ্য সচিব জে কি সিনহা, ক্রীড়া দপ্তরের সচিব পি কে চক্রবর্তী এবং বিধায়িকা মীনা রাণী সরকারের উপস্থিত থাকার কথা রয়েছে। আজ সকালে আন্তর্জাতিক যোগা দিবসকে সামনে রেখে পশ্চিম জেলা যোগা অ্যাসোসিয়েশন এবং স্টেট আয়ূষ মিশনের যৌথ উদ্যোগে র‍্যালি অনুষ্ঠিত হচ্ছে। এগিয়ে চলো সংঘের প্রাঙ্গণ থেকে র‍্যালি শুরু হয়ে রাজধানীর রাজপথ পরিক্রমা করবে।

************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ প্রধানত মেঘলা থাকবে। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া পশ্চিম জেলায় এবং খোয়াই জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বর্ষণের ও সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা রয়েছে ।

*************

************

*************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ প্রধানত মেঘলা থাকবে। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া পশ্চিম জেলায় এবং খোয়াই জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বর্ষণের ও সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা রয়েছে ।

*************

************

Volunteers Recruitment at Santirbazar:

১৮ থেকে ২৬  বছর বয়সী  তরুণ তরুণীদের সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবক হিসেবে নিযুক্তির জন্য  আজ শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসে ইন্টারভিউ নেওয়া হবে। সকাল ১১টা থেকে বিকেল সাড়ে পাঁচটার মধ্যে জন্মের শংসাপত্র, আধার কার্ড, শিক্ষাগত যোগ্যতা ও অনান্য যোগ্যতার প্রমাণ পত্র সহ প্রয়োজনীয় নথিপত্র নিয়ে  মহকুমা শাসকের অফিসে উপস্থিত থাকতে ইচ্ছুক তরুন - তরুনীদের এক বিজ্ঞপ্তিতে অনুরোধ জানিয়েছেন মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য।

Akashvani news-agartala

**Chief Election Commissioner : ২০-০৬-২০২৪**

অষ্টাদশ লোকসভা সাধারণ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ভারতের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার দেশের সব জেলা নির্বাচনী আধিকারিক ও জেলা পুলিশ সুপারদের শংসাপত্র প্রদান করেছেন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের স্বাক্ষরিত এই শংসাপত্রগুলি গতকাল রাজ্য অতিথিশালায় এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের সব জেলা নির্বাচন আধিকারিক ও জেলা পুলিশ সুপারদের হাতে তুলে দেওয়া হয়। মুখ্যসচিব জেকে সিনহা, পুলিশের মহানির্দেশক শ্রী অনুরাগ এবং রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল শংসাপত্রগুলি প্রদান করেন।

রিপিট